

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

১৬ মাঘ, ১৪২৬

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.৬১.১৯/২১৬

তারিখ: ৩০ জানুয়ারি, ২০২০

বিষয়: বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন নুন্দহ ফাজিল মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মো: মোস্তাফিজুর রহমান এর উপর আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় তাঁর (মো: মোস্তাফিজুর রহমান) সরকারি অংশের বেতন ভাতাদি স্থায়ীভাবে বাতিলকরণ সংক্রান্ত প্রস্তাবের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।


সূত্র: (১) টিএমইডির স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.৬১.১৯-২০৯, তারিখ: ১২/১১/২০১৯।
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.১৫.০০৩.১৬.২৯২, তারিখ: ০৪/১২/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন নুন্দহ ফাজিল ডিগ্রি মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মো: মোস্তাফিজুর রহমানের বিষয়ে সচিব মহোদয়ের নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করায় করেন :

“বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন নুন্দহ ফাজিল ডিগ্রি মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মো: মোস্তাফিজুর রহমান এর পক্ষে এডভোকেট মো: জাহেদুল বারী উকিল নোটিশ প্রেরণ করেছেন। উক্ত নোটিশে উল্লেখ আছে, রাজশাহী বিশ্ববিদ্যালয় এর সিন্ডিকেট জনাব মো: মোস্তাফিজুর রহমান এর বি.এস.এস (অনার্স) এর রেজাল্ট বাতিল করায় তিনি উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে রিট পিটিশন নং-১২০৩৬/২০১৪ দায়ের করে উক্ত আদেশের বিরুদ্ধে রুল এবং উক্ত আদেশের কার্যকারিতার বিষয়ে স্থগিতাদেশ লাভ করেন। সেহেতু, রিট মামলার বিষয়টি পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে বলা যেতে পারে।”

২। উক্ত রিট মামলায় মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত stay order সরকার তথা TMED-এর উপর বাধ্যকর (Binding upon) কিনা তা যাচাই করে সূত্রে বর্ণিত ২নং স্মারকের মাধ্যমে প্রেরিত প্রস্তাবের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।

৩। এমতাবস্থায়, উপরিউক্ত বিষয়াদি বিবেচনাক্রমে এ সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ২৫/০২/২০২০ তারিখের মধ্যে TMED-কে অবহিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইসকাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব, মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)
- ৫। অতিরিক্ত সচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপসচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭/৮। অফিস কপি/মাস্টার কপি।